# তুঁত পাতার প্রধান ক্ষতিকারক পোকা ও তার প্রতিকার

নাম: **মিলিবাগ (ম্যাকোনেলিকক্কাস হিরসুটাস )**

আক্রমনের সময় : **মার্চ থেকে আগস্ট**

অর্থনৈতিক ক্ষতির স্তর: **ডালপ্রতি ১০ টি**

ক্ষতির পরিমাণ: **২০-৪০%**

**লক্ষণ**

- গাছের অগ্রভাগ স্ফীত সবুজ ঝাড়ের মত হয়
- পাতা কুঁকড়ে যায় এবং ভঙ্গুর হয়ে যায়
- পাতা ঘন সবুজ দেখা যায়
- পরে পীত বর্ণ ধারন করে এবং ঝরে যায়





**প্রতিকারের উপায়**

- গাছের আক্রান্ত অংশ গুলি কেটে নষ্ট করতে হবে
- ০.১%ডায়মেথয়েট (রোগর ) (৩০ই. সি. ) ৩ মি.লি. প্রতি লিটার জলে মিশিয়ে স্প্রে করতে হবে
- ১৫দিন পর পাতা খাওয়ানো যাবে
- জৈবিক নিয়ন্ত্রণ হিসেবে প্রতি একরে ১০০০ বন্ধুপোকা (স্কীমনাস (পেল্লিডিকলি) জমিতে ছাড়তে হবে

নাম : **থ্রিপ্স (সুডোডেনড্রথ্রিপ্স মোরি)**

আক্রমনের সময়: **মার্চ থেকে জুন**

অর্থনৈতিক ক্ষতির স্তর: : **পাতা প্রতি ২০ টি**

ক্ষতির পরিমাণ : **২০-৪০%**

**লক্ষণ**

- পাতায় চাঁছা ও খসখসে দাগ দেখা যায়
- পাতা নৌকার আকার ধারন করে
- পাতার ধার বাদামী রঙের হয়ে উপরের দিকে কুঁচকে যায়
- ধীরে ধীরে পাতা মচমচে ,ভঙ্গুর হয়ে ঝরে যায়





**প্রতিকারের উপায়**

তুঁত জমিতে ছিটিয়ে জল দিয়ে থ্রিপসের লার্ভা গুলি মেরে ফেলতে হবে

- ০.১%ডায়মেথয়েট (রোগর ) (৩০ই. সি. ) ৩ মি.লি. প্রতি লিটার জলে মিশিয়ে স্প্রে করতে হবে
- ১৫দিন পর পাতা খাওয়ানো যাবে
- জৈবিক নিয়ন্ত্রণ হিসেবে প্রতি একরে ১০০০বন্ধুপোকা - ক্রাইসোপারলার ডিম জমিতে ছাড়তে হবে

নাম:**সাদামাছি(ডায়ালিউরোপরা ডিসেমপাংটা)**

আক্রমনের সময় : **জুন থেকে ডিসেম্বের**


অর্থনৈতিক ক্ষতির স্তর: : **পাতা প্রতি ২০ টি**

ক্ষতির পরিমাণ : **২৫ %**

**লক্ষণ**

- পাতায় ক্লোরোসিস ওকুঁচকে যাওয়া লক্ষণ দেখা যায়
- পাতার নিচের দিকে নীলচে ছাপ দেখা যায়
- পাতায় সুটিমোল্ড ছত্রাক বৃদ্ধির ফলে পাতা কালো হয়ে যায়





**প্রতিকারের উপায়**

- জুন থেকে নভেম্বর এর মধ্যে জমিতে একর প্রতি ৬০ টি হলুদ আঁটালো ফাঁদ স্থাপন করতে হবে
- ০.০১৫% থায়ামেথক্সম(২৫ডাব্লু. জি. ) ৫ গ্রাম প্রতি ১০ লিটার জলে মিশিয়ে স্প্রে করতে হবে
- ১৫দিন পর পাতা খাওয়ানো যাবে
- জৈবিক নিয়ন্ত্রণ হিসেবে প্রতি একরে ৫০০ জোড়া – ব্রুমইডিস সুটুরালিস নামক বন্ধুপোকা জমিতে ছাড়তে হবে

নাম : **বিহারী শুঁয়াপোকা**

আক্রমনের সময় : **আগস্ট থেকে নভেম্বর**

ক্ষতির পরিমাণ : **২৫ %**

**লক্ষণ**

- পাতার শিরাগুলি উন্মুক্ত হয়ে একটি জালের আকার ধারন করে
- আক্রান্ত পাতাগুলি শুকিয়ে যায় এবং সহজেই ঝরে যায়



**প্রতিকারের উপায়**

- পাতায় আক্রান্ত প্রাথমিক অবস্থার দশাগুলি সংগ্রহ করে পুড়িয়ে ফেলতে হবে
- বিহারী শুঁয়াপোকা ও আক্রান্ত পাতাগুলি সংগ্রহ করে সাবান জলে ডুবিয়ে নষ্ট করতে হবে
- তুঁত জমিতে ২০০ ওয়াট যুক্ত মার্কারি ভেপার বাতি জলের পাত্রের সাথে বসালে শুঁয়াপোকার মথ ধরা যাবে

# জৈবিক নিয়ন্ত্রণ পদ্ধতিতে তুঁত পাতার ক্ষতিকারক পোকার নিয়ন্ত্রণ

## লেডিবার্ড বিটল(বন্ধুপোকা)
## (*স্কীমনাস পেল্লিডিকলি*)
## মিলিবাগ (টুকরা) এর জন্য

- এরা অত্যন্ত ক্ষুধার্তের মতন মিলিবাগের সমস্ত দশাগুলিকে খেয়ে ফেলে এরা মিলিবাগের ডিমের কলোনির মধ্যে নিজেরা ডিম পারে
- পূর্ণাঙ্গ শিকারী বন্ধু পোকাগুলি মিলিবাগের নিম্ফ থেকে শুরু করে সমস্ত দশা গুলিকে ২০ দিন ধরে খেতে থাকে
- বছরে ৬ মাস অন্তর প্রতি একরে ১০০০ বন্ধু পোকা দুইবার ছাড়তে হবে











## গ্রীন লেসউইং
## (*ক্রাইসোপারলা*)
## থ্রিপ্স এর জন্য

- এরা থ্রিপ্সের ডিম থেকে শুরু করে সমস্ত দশা খাদ্য হিসেবে গ্রহণ করে ৭ দিন পর পিউপায় পরিণত হয়
- ক্রাইসোপারলার পূর্ণাঙ্গ দশা রেড়ী ফুলের রেণু এবং শর্করা জাতীয় খাবার খেয়ে পাতার উপর ডিম দেয়
- ডিম থেকে বেরিয়ে পূর্ণাঙ্গ বন্ধুপোকা আট-দশ দিন ধরে থ্রিপ্সের বিভিন্ন দশা খেয়ে ধ্বংস করে
- বছরে প্রতি একরে ১০০০ ক্রাইসোপারলার ডিম এক সপ্তাহ অন্তর দুইবার ছাড়তে হবে












**বন্ধুপোকা পাওয়া যাবে**

**সিএস আর টি আই, বহরমপুর অথবা সেন্ট্রাল সিল্ক বোর্ড এর স্থানীয় অফিসে**